"নবীগণ রাষ্ট ক্ষমতার জন্য লালায়িত ছিলেন না এবং তা পাবার জন্য লড়াইও করেননি।"

(ইক্বামতে দ্বীন: পথ ও পদ্ধতি, ১৩ পৃঃ লেখক, আসাদুল্লাহ আল গালিব)

"নবী-রাসূলগণ তাদের আমলের প্রতিষ্ঠিত শাসন ক্ষমতাকে উৎখাতের চেষ্টা করেননি।"

(সমাজ বিপ্লবের ধারা (আন্দোলন সিরিজ-৩) ১৯৯৪ ইং, মার্চে প্রকাশিত বই এর ১৪ ও ১৬ পৃষ্ঠায় দ্রঃ) (লেখক, আসাদুল্লাহ আল গালিব)

আমরা এখানে পরীক্ষা করে দেখব উক্ত লেখকের মন্তব্যগুলির যথার্থতা কতটুকু।

(ক) "দাউদ ও সুলায়মান ব্যতিত কোন নবীই সিয়াসাতে মূল্কী'র অধিকারী ছিলেন না।"

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمْ الْأَنْبِيَاءُ كُلَّمَا هَلَكَ نَبِيٌّ خَلَفَهُ نَبِيٌّ وَإِنَّهُ لَا نَبِيَّ بَعْدِي وَسَتَكُونُ خُلَفَاءُ تَكْثُرُ قَالُوا فَمَا تَأْمُرُنَا قَالَ فُوا بِبَيْعَةِ الْأَوَّلِ فَالْأَوَّلِ وَأَعْطُوهُمْ حَقَّهُمْ فَإِنَّ اللَّهَ سَائِلُهُمْ عَمَّا اسْتَرْعَاهُمْ

আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ বনী ইসরাঈলের নবীগণ তাদের উপর শাসন পরিচালনা করতেন। যখনই একজন নবী মারা যেতেন তখন অন্য আরেকজন নবী তাঁর স্থলাভিষিক্ত হতেন। কিন্তু আমার পরে আর কোন নবী নাই। অবশ্য খলীফা হবেন এবং তারা হবেন অনেক। সাহাবাগণ জিজ্ঞাসা করলেন, তখন আমাদেরকে কি করার নির্দেশ

দিচ্ছেন? তিনি বললেনঃ প্রথমজনের পর প্রথমজনের বায়আত পূর্ণ করবে। অর্থাৎ, তোমাদের উপর তাদের যে হক ও অধিকার রয়েছে তোমরা তা আদায় করবে। নিশ্চয়ই আল্লাহ্ তাদেরকে জিজ্ঞাসাবাদ করবেন ওদের সম্পর্কে যাদের উপর (তাদেরকে) শাসক বানিয়েছেন।

(বুখারী, মুসলিম; মিশকাত, কিতাবুল ইমারাত, ৩২০ পৃঃ, বাংলা মিশকাত, এমদাদিয়া পুস্তকালয়, ৭ম খণ্ড, ১৪৪ পৃঃ, হাঃ নং ৩৫০৬)

আপনি হাদীসের শব্দের প্রতি লক্ষ্য করেছেন কি?

كَانَتْ بَنُو إِسْرَائِيلَ تَسُوسُهُمُ الْأَنْبِيَاءُ বাণী ইসরাঈলের নবীগণ তাদের উপর শাসন পরিচালনা করতেন।

كَانَتْ تَسُوسُ 'কানাত তাসূসু' এটা ماضي استمراري 'মাযী ইসতেমরারী (চলমান অতীতকাল) এর ছীগাহ, অর্থ তারা সর্বদা, সব সময় শাসন পরিচালনা করতেছিলেন।

كُلَّمَا هَلَكَ نَبِيٌّ خَلَفَهُ نَبِيٌّ (যখনই একজন নবী মারা যেতেন তখন অন্য আরেকজন নবী তাঁর স্থলাভিষিক্ত হতেন)। كُلَّمَا 'কুল্লামা' যখনই هَلَكَ نَبِيٌّ 'হালাকা নাবিউন'- এর মধ্যে نَبِيٌّ নাবী শব্দকে نكرة (অনির্দিষ্ট) আনা হয়েছে। অর্থাৎ কোন নবী মারা যেতেন। خَلَفَهُ نَبِيٌّ 'খালাফাহু নাবিউন' এর মধ্যেও نَبِيٌّ নাবী শব্দকে نكرة (অনির্দিষ্ট) আনা হয়েছে।

এর দ্বারা প্রমাণ হলোঃ বানী ইসরাঈলদেরকে অবিরামভাবে অসংখ্য নবী শাসন পরিচালনা করতেন। যখনই কোন নাবী মৃত্যুবরণ করতেন, সঙ্গে সঙ্গে অন্য নবী তাঁর স্থলাভিষিত হতেন।

বাণী ইসরাঈল ফিরআউন এর হাত থেকে মুক্তি লাভের পর হযরত মূসা (আঃ) ও হযরত হারুন (আঃ) তাদের শাসন পরিচালনা করতেন। এটা সকলের জানা কথা। এছাড়া হযরত দাউদ (আঃ) এখন পর্যন্ত নবুয়াত প্রাপ্ত হননি। তিনি শবেমাত্র যুবক মানুষ। এমন সময় হযরত শামবীল (আঃ) এর দোয়াতে আল্লাহ তায়ালা ত্বালূত কে বাদশাহ নিযুক্ত করেন এবং তাঁর নেতৃত্বে

কাফির জালুতের বিশাল সেনাদলকে তছ্নছ্ করে দেয়, অবশেষে হযরত দাঊদ (আঃ) এর হাতে বিরোধী দলের নেতা জালূত নিহত হয়। জালূত নিহত হওয়ার পর হযরত শামবীল (আঃ) ও ত্বালূত বানী ইসরাঈলের শাসন পরিচালনা করেন। এবং পরে দাঊদ (আঃ)-কে নবুওয়াত ও রাজত্ব দান করা হয়।

আল্লাহ তায়ালা বলেনঃ

فَهَزَمُوهُم بِإِذْنِ اللّهِ وَقَتَلَ دَاوُودُ جَالُوتَ وَآتَاهُ اللّهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ

অর্থঃ তখন তারা আল্লাহর হুকুমে জালুতের সৈন্যদেরকে পরাজিত করে দিল এবং দাঊদ জালুতকে হত্যা করে ফেলল। এবং আল্লাহ দাউদকে রাজ্য ও প্রজ্ঞা দান করলেন। (সূরা বাকারাঃ ২৫১ নং আয়াত)

(বিস্তারিত জানার জন্য তাফসির ইবনে কাসীর, সূরা বাকারার ২৪৬-২৫১ আয়াত এর তাফসীর দেখুন)

এছাড়া হযরত মুহাম্মাদ (সাঃ) হিজরতের পর সিয়াসাতে মুলকীর অধিকারী হন, এটা সকলের জানা।

অতএব যারা বলেন, "দাঊদ ও সুলায়মান ব্যতীত কোন নবীই সিয়াসাতে মুল্কীর অধিকারী ছিলেন না" তারা নবী রসূলগণের উপর মিথ্যা তোহমত আরোপকারী, এবং ইসলাম ধ্বংসের নীল নকশা বাস্তবায়নে তৎপর।

হে মুসলমান, এ সকল এজেন্টদের অপতৎপরতা হতে সাবধান!

(খ) "নবী-রসূলগণ তাদের আমলের প্রতিষ্ঠিত শাসন ক্ষমতাকে উৎখাতের চেষ্টা করেননি"

"নবীগণ রাষ্ট্র ক্ষমতার জন্য লালায়িত ছিলেন না এবং তা পাবার জন্য লড়াইও করেননি।"

কিন্তু বাস্তব সত্য এই যে, নবী রসূলগণ তাদের যুগের প্রতিষ্ঠিত তাগুতী শাসন ক্ষমতাকে উৎখাতের জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। কোন কোন নবী-রসূল তাগুত শাসকদেরকে উৎখাত করে নিজে রাষ্ট্র ক্ষমতায় বসে আল্লাহর বিধান জারী করেছিলেন।

আবার কেহ কেহ উৎখাত করতে না পারলেও সঙ্গী-সাথীদের নিয়ে আজীবন সশস্ত্র জিহাদ চালিয়ে গেছেন।

আল্লাহ তায়ালা বলেনঃ

وَكَأَيِّن مِّن نَّبِيٍّ قَاتَلَ مَعَهُ رِبِّيُّونَ كَثِيرٌ فَمَا وَهَنُواْ لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللّهِ وَمَا ضَعُفُواْ وَمَا اسْتَكَانُواْ

অর্থঃ আর বহু নবী ছিলেন যারা সঙ্গী-সাথীদের নিয়ে সশস্ত্র জিহাদ করেছেন। আল্লাহর পথে তাদের উপর যত বিপদই এসেছিল সেজন্য তাঁরা হতাশ হননি, দুর্বলও হননি এবং দমেও যাননি।

(সূরা আল ইমরানঃ ১৪৬ নং আয়াত)

অতএব উপরোক্ত আয়াত থেকে ইহাও প্রমাণিত হয় যে, নবী-রসূলগণ সশস্ত্র জিহাদ করেছেন। কিন্তু কিছু কিছু আলেম ইসলামের শত্রুদের চক্রান্তে বিভ্রান্ত হয়ে নবী-রসূলগণের আদর্শকে ভুলে গেছেন। তাই তারা জিহাদের জন্য অস্ত্র ব্যবহার বাদ দিয়ে শুধু কাগজ-কলম ব্যবহার করার কথা বলছেন এবং মানব রচিত বিধানে রাষ্ট্র পরিচালনা কারীদেরকে ক্ষমতা হতে উৎখাত করার চিন্তা করছেন না।

তাই মনের অজান্তেই দুটি কাজকে তারা বেছে নিয়েছেনঃ

১. জিহাদকে অস্ত্রমুক্ত করে কাগজে কলমে রূপান্তরিত করা।
২. তাগুতদেরকে ক্ষমতা থেকে উৎখাত না করার পক্ষপাতিত্ব করা।

প্রকৃতপক্ষে এগুলো কাদিয়ানীদের আকীদা এবং ইসলাম বিধংসী ষড়যন্ত্র। বর্তমানে তাওহীদপন্থী কিছু আলেমও তাদের এই ভ্রান্ত আকীদার অনুসারী হয়েছে। কাদীয়ানীরা যেমন ইংরেজ ও তার দোসরদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ না করার ফতোয়া দিয়েছিল ঠিক তেমনিভাবে এ যুগের আলেমদের মধ্যেও কেউ কেউ মুসলমান নামধারী তাগুত শাসকদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ না করার ফতোয়া দিচ্ছে।

আমীররূপী এজেন্টের জিহাদ এর বিরোধিতা

عَنْ أَنَسٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ جَاهِدُوا الْمُشْرِكِينَ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ وَالْسِنَتِكُمْ

হযরত আনাস (রাঃ) বলেন রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ তোমরা জিহাদ কর মুশরিকদের বিরুদ্ধে তোমাদের মাল দ্বারা, জান দ্বারা ও যবান দ্বারা।

(আবুদাউদ, নাসায়ী, দারেমী; মিশকাত, জিহাদ অধ্যায়, ৩৩১-৩৩২ পৃঃ; বাংলা মিশকাত, এমদাদিয়া পুস্তকালয় ৭ম খণ্ড, ২০৮ পৃঃ, হাঃ নং ৩৬৪৬)

উক্ত হাদীসে রসূলুল্লাহ (সাঃ) মুশরিকদের বিরুদ্ধে জান মাল ও যবান দ্বারা সশস্ত্র যুদ্ধ করতে বলেছেন। কেননা যে যুদ্ধে জান ও মাল ব্যবহার করা হয়, তখন ঐ যুদ্ধ সশস্ত্র হয়, নিরস্ত্র হয় না।

আল্লাহ তায়ালা বলেনঃ

إِنَّ اللّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَالَهُم بِأَنَّ لَهُمُ الجَنَّةَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ

অর্থঃ আল্লাহ ক্রয় করে নিয়েছেন মু'মিনদের থেকে তাদের জান ও মাল এই মূল্যে যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা যুদ্ধ করে আল্লাহর রাহে; অতঃপর তারা মারে ও মরে।

(সূরাঃ তাওবাহ ১১১ নং আয়াত)

অত্র আয়াতে আল্লাহ তায়ালা জান ও মাল দ্বারা সশস্ত্র জিহাদ করতে বলেছেন।

উপরের হাদীস উল্লেখ করে জনৈক এজেন্ট লিখেছেনঃ

অতএব আসুন! আল্লাহর দেওয়া মাল, আল্লাহর দেওয়া জান, আল্লাহর দেওয়া যবান ও কলম আল্লাহর পথে ব্যয় করি এবং আল্লাহ বিরোধী মুশরিক শক্তির বিরুদ্ধে, তথা আধুনিক জাহেলিয়াতের বিভিন্নমুখী চক্রান্তের বিরুদ্ধে আমরা সর্বমুখী প্রস্তুতি গ্রহণ করি।

(ইক্বামতে দ্বীনঃ পথ ও পদ্ধতি, ২৯ পৃঃ, লেখক, আসাদুল্লাহ আল-গালিব)

লেখক আল্লাহ বিরোধী মুশরিক শক্তি ও আধুনিক জাহেলিয়াতের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ তো করছেনই না এবং সশস্ত্র জিহাদের কোন প্রস্তুতিও গ্রহণ করছেন না। বরং যারা সশস্ত্র জিহাদ করছেন তাদেরকে সন্ত্রাসী বলে গালি দিচ্ছেন এবং সাধারণ মুসলমানদেরকে রসূলুল্লাহ (সাঃ) এর হাদীসের অপব্যাখ্যা করে বিভ্রান্ত করার জন্য সর্বশক্তি নিয়োগ করছেন। আর জিহাদকে অস্ত্রমুক্ত করার জন্য লিখেছেনঃ "ইসলামী পরিভাষায় জিহাদের তাৎপর্য একই থাকবে। তবে জেহাদের পদ্ধতি পরিবর্তনশীল। অসিযুদ্ধ আর এখন নয়। এখন মসীযুদ্ধ অসির চাইতে মারাত্মক।" "এযুগে জেহাদের সর্বাপেক্ষা বড় হাতিয়ার হলো তিনটি। কথা, কলম ও সংগঠন।"

(সমাজ বিপ্লবের ধারা, আসাদুল্লাহ আল-গালিব, আন্দোলন সিরিজ-৩; প্রথম প্রকাশ, নভেম্বর ১৯৮৬)

কিন্তু আল্লাহ তায়ালা সকল যুগের জন্যই সশস্ত্র জিহাদকে ফরয করেছেনঃ

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ

অর্থঃ "তোমাদের উপর ক্বিতাল (সশস্ত্র জিহাদ) ফরজ করে দেয়া হয়েছে, অথচ তোমাদের কাছে তা অপছন্দনীয়।

(সূরা বাকারাঃ ২১৬ নং আয়াত)

কারো পছন্দ হোক বা না হোক সকল যুগের জন্য সশস্ত্র জিহাদের এ আদেশ জারী থাকবে।

এ প্রসঙ্গে আল্লাহর রসূল (সাঃ) বলেনঃ

لَا تَزَالُ عِصَابَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى أَمْرِ اللَّهِ قَاهِرِينَ لِعَدُوِّهِمْ لَا يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ حَتَّى تَأْتِيَهُمْ السَّاعَةُ وَهُمْ عَلَى ذَلِكَ

"আল্লাহর আইনকে বাস্তবায়ন করার জন্য আমার উম্মাতের মধ্যে একটি দল সব সময় যুদ্ধ করে যাবে, তারা তাদের শত্রুদের প্রতি কঠোর হবে, যারা তাদের বিরোধিতা করবে তারা তাদের ক্ষতি করতে পারবে না। তারা কিয়ামত পর্যন্ত এ কাজ চালিয়ে যাবে।"

(সহীহ্ মুসলিম, ২য় খণ্ড, ১৪৪ পৃঃ)

عَنِ ابْنِ مَسْعُوْدٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّم مَا مِنْ نَبِيٍ بَعَثَهُ اللهُ فِى اُمَّتِهِ اِلاَّ كَانَ لَهُ فِى اُمَّتِهِ حَوَارِيُّون وَاَصْحَابٌ يَاُخُذُوْنَ بِسُنَّتِهِ وَيَقْتَدُوْنَ بِاَمْرِه ثُمَّ اِنَّهَا تَخْلُفُ مِنْ بَعْدِهِمْ خُلُوْفٌ يَقُوْلُوْنَ مَالاَ يَفْعُلُوْنَ وَ يَفْعَلُوْنَ مَالاَيُؤمَرُونَ فَمَنْ جَاهَدَهُم بِيَدِهِ فَهُوَمُؤمِنٌ وَّمَنْ جَاهَدَهُمْ بِلِسَانه فَهُوَمُؤمِنٌ وَمَنْ جَاهَدَهُمْ بِقَلْبِهِ فَهُوَ مُؤمِنٌ وَلَيْس وَرَاءَ ذلِكَ مِنَ الاِيْمَانِ حَبَّةَ خَرْدَلٍ

আব্দুল্লাহ ইবনে মাসঊদ (রাঃ) বলেছেনঃ আমার পূর্বে আল্লাহ তা'আলা কোন নবীকে তাঁর উম্মতের মধ্যে প্রেরণ করেননি, যাঁর উম্মতের মধ্যে তার কোন 'হাওয়ারী' বা সাহাবী দল দিলেন না; তাঁরা সুন্নাতের সাথে আমল করতেন ও তাঁর হুকুমের অনুসরণ করতেন। অতঃপর এমন লোকেরা তাঁদের স্থলাভিষিক্ত হলো, যারা অন্যদের তাই বলত যা নিজেরা করত না; আবার এমন সব কাজ করত, যা করতে তাদের নির্দেশ দেওয়া হয়নি। এই সব লোকদের বিরুদ্ধে যারা নিজের হাত দ্বারা জিহাদ করবে, তারা মুমিন। যারা তাদের বিরুদ্ধে যবান দ্বারা জিহাদ করবে, তারা মুমিন। যারা হৃদয় দিয়ে

জিহাদ করবে তারাও মুমিন। এর বাইরে তার মধ্যে সরিষা দানা পরিমাণ ঈমান নেই।'

(মুসলিম, মিশকাত, ঈমান অধ্যায়, ২৯ পৃঃ, বাংলা মিশকাত, ১ম খণ্ড, ১১৭ পৃঃ হাদীস নং ১৫০)

এই হাদীস উল্লেখের পর জনৈক এজেন্ট লিখেছেনঃ "অতএব শি্রক ও বিদ'আতের বিরুদ্ধে আপোষহীনভাবে রুখে দাঁড়ানোই হ'ল প্রকৃত জিহাদ। আর তাওহীদের মর্মবানীকে জনগণের নিকটে পৌঁছে দেওয়া তাদের মর্মমূলে প্রোথিত করাই হ'ল প্রকৃত দাওয়াত। তাই একই সাথে তাওহীদের 'দাওয়াত' ও তাওহীদ বিরোধী জাহেলিয়াতের বিরুদ্ধে সর্বমুখী 'জিহাদ'-ই হ'ল দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি।"

(ইক্বামতে দ্বীনঃ পথ ও পদ্ধতি, লেখক, আসাদুল্লাহ আল-গালিব, ২৯-৩০ পৃঃ)

উক্ত হাদীসের বিশেষ অংশঃ فَمَنْ جَاهَدَهُم بِيَدِهِ فَهُوَمُؤمِنٌ

"এই সব লোকদের বিরুদ্ধে যারা নিজের হাত দ্বারা জিহাদ করবে, তারা মুমিন।" 'হাত দ্বারা জিহাদ করবে' এই বাক্যের দ্বারা 'সশস্ত্র জিহাদ' বুঝানো হয়েছে। এ কথাটি কাফির ও বেঈমান ব্যতীত প্রত্যেক মুসলমানই স্বীকার করবে।

যেমন, মিশকাত এর ভাষ্যগ্রন্থ 'মিরকাতে' বলা হয়েছে فَمَنْ جَاهَدَهُم بِيَدِهِ অর্থাৎ فَمَنْ حَارَبَهُمْ 'যে ব্যক্তি তাদের সাথে যুদ্ধ করবে'।

অতএব যারা তাদের সাথে সশস্ত্র যুদ্ধ করবে তারা পূর্ণ মুমিন।

উক্ত এজেন্ট "শিরক ও বিদ'আতের বিরুদ্ধে আপোষহীনভাবে রুখে দাঁড়ানোই হ'ল প্রকৃত জিহাদ" এর মাধ্যমে জিহাদের কথা বললেও তিনি সশস্ত্র জিহাদ তো করছেনই না এবং সশস্ত্র জিহাদের কোন প্রস্তুতিও গ্রহণ করছেন না। বরং সশস্ত্র জিহাদকারীদেরকে সন্ত্রাসী ও খারিজী বলে প্রচার করছেন। অথচ উক্ত হাদীসে রসূলুল্লাহ (সাঃ) সশস্ত্র জিহাদকারীদেরকে পূর্ণ মুমিন বলে আখ্যায়িত করেছেন।

অতএব হে মুসলমান, ইসলামের দুশমনদের থেকে সাবধান!

৩য় অধ্যায়ঃ

আত্মঘাতী নয়, ফিদায়ী হামলা

عَنْ عَلْقَمَةِ بْنِ وَقَّاصٍ اللَّيْثِيِّ يَقُولُ سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَلَى الْمِنْبَرِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ وَإِنَّمَا لِكُلِّ امْرِئٍ مَا نَوَى فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى دُنْيَا يُصِيبُهَا أَوْ إِلَى امْرَأَةٍ يَنْكِحُهَا فَهِجْرَتُهُ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ

صحيح بخاري / كِتَاب بدْءِ الْوحْي بَاب بَدْءُ الْوَحْيِ

আলকামা ইব্‌ন ওয়াক্কাস লাইছী বলেন, আমি হযরত ‘ওমর ইব্‌ন খাত্তাব (রাঃ) কে মিম্বারের উপর বলতে শুনেছি যে, আমি রসূলুল্লাহ (সাঃ) কে বলতে শুনেছি, সকল কর্ম নিয়্যত এর উপর নির্ভরশীল। আর প্রত্যেক ব্যক্তি যা নিয়্যত করে তা পেয়ে থাকে। অতএব যার হিজরত দুনিয়া অর্জন করা কিংবা কোন মহিলাকে বিবাহ করার জন্য হয়েছে, তার হিজরত সে উদ্দেশ্যেই হয়েছে যার জন্য সে হিজরত করেছে।

(বুখারী ‘ওহীর সূচনা অধ্যায়, অনুচ্ছেদঃ রসূলুল্লাহ (সাঃ)-এর প্রতি কিভাবে ওহীর সূচনা হয়েছিল, হা/১)

আত্মহত্যার কারণ ও শাস্তি

عَنْ ثَابِتِ بْنِ الضَّحَّاكِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَتَلَ نَفْسَهُ بِحَدِيدَةٍ عُذِّبَ بِهِ فِي نَارِ جَهَنَّمَ

صحيح بخاري / كِتَاب الْجَنَائِز بَاب مَا جَاءَ فِي قَاتِلِ النَّفْسِ

(হাদীস নং ১) ছাবিত ইবনে যাহ্হাক (রাঃ) বলেন, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন, যে ব্যক্তি লৌহখণ্ড দ্বারা আত্মহত্যা করে তাকে লৌহ খন্ড দ্বারা জাহান্নামে শাস্তি দেয়া হবে।

(বুখারী, জানাযার অধ্যায়, অনুচ্ছেদঃ আত্মহত্যাকারী প্রসংগে, হা/১২৭৪)

হাদীস এর শিক্ষাঃ (ক) এই হাদীসে আত্মহত্যার কোন কারণ উল্লেখ করা হয়নি। (খ) লৌহখণ্ড দ্বারা আত্মহত্যার পদ্ধতি উল্লেখ করা হয়েছে। (গ) জাহান্নামে শাস্তির পদ্ধতি বর্ণিত হয়েছে।

ইহুদী খ্রীষ্টানদের গুপ্ত এজেন্টদের অন্যতম এক আলেম, بِحَدِيدَةٍ শব্দের অর্থ "লৌহাস্ত্র" করেছেন, অথচ এর অর্থ হবে লৌহখণ্ড।{কে বড় লাভবান ১৪৯ পৃঃ} (দেখুন, মিসবাহুল লোগাত, আল মানার ইত্যাদি)

عَنْ جُنْدَبِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ كَانَ بِرَجُلٍ جِرَاحٌ فَقَتَلَ نَفْسَهُ فَقَالَ اللَّهُ بَدَرَنِي عَبْدِي بِنَفْسِهِ حَرَّمْتُ عَلَيْهِ الْجَنَّةَ

صحيح بخاري / كِتَاب الْجَنَائِز بَاب مَا جَاءَ فِي قَاتِلِ النَّفْسِ

(হাদীস নং ২) জুনদুব (রাঃ) বলেন, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন, তোমাদের পূর্ববর্তী লোকদের মধ্যে এক ব্যক্তির জখম ছিল, অতঃপর সে আত্মহত্যা করে। আল্লাহ বলেন, আমার বান্দা নির্ধারিত সময়ের পূর্বেই নিজের জীবনের ব্যপারে দ্রুত ব্যবস্থা নিয়েছে। আমি তার জন্য জান্নাত হারাম করে দিলাম।

(বুখারী, জানাযার অধ্যায়, অনুচ্ছেদঃ আত্মহত্যাকারী প্রসংগে, হা/১২৭৪)

হাদীস এর শিক্ষাঃ (ক) এই হাদীসে জখমের ব্যথা অসহ্য হওয়াকে আত্মহত্যার কারণ হিসাবে উল্লেখ করেছে। (খ) তার জন্য জান্নাত হারাম, অর্থাৎ সে চিরস্থায়ী জাহান্নামবাসী হবে।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الَّذِي يَخْنُقُ نَفْسَهُ يَخْنُقُهَا فِي النَّارِ وَالَّذِي يَطْعُنُهَا يَطْعُنُهَا فِي النَّارِ

صحيح بخاري / كِتَاب الْجَنَائِز بَاب مَا جَاءَ فِي قَاتِلِ النَّفْسِ

(হাদীস নং ৩) আবু হুরায়রা (রাঃ) বলেন। রসূলুল্লাহ (সাঃ) বলেছেন, যে ব্যক্তি শ্বাসরুদ্ধ করে আত্নহত্যা করবে সে জাহান্নামে শ্বাসরুদ্ধ করতে থাকবে। আর যে ব্যক্তি বর্শাবিদ্ধ করে আত্নহত্যা করবে সে জাহান্নামে বর্শাবিদ্ধ করতে থাকবে। (বুখারী, জানাযার অধ্যায়, অনুচ্ছেদঃ আত্নহত্যাকারী প্রসংগে, হা/১২৭৫)

হাদীস এর শিক্ষাঃ (ক) এই হাদীসে আত্নহত্যার কারণ উল্লেখ করা হয়নি। (খ) শ্বাসরুদ্ধকরে এবং বর্শাবিদ্ধকরে আত্নহত্যার পদ্ধতি উল্লেখ করা হয়েছে। (গ) জাহান্নামের শাস্তির ধরণ উল্লেখ করা হয়েছে।

জনৈক গুপ্ত এজেন্ট يَطْعُنُهَا শব্দের অর্থ "অস্ত্রের আঘাতে" করেছেন, অথচ এর অর্থ হবে 'বর্শাবিদ্ধ করে'। হাদীসের অর্থ করেছেন, সে জাহান্নামে সর্বক্ষণ অস্ত্রের আঘাতে আত্নহত্যা করতে থাকবে। (কে বড় লাভবান ১৫০ পৃঃ)

অথচ, রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ জাহান্নামীদের বলা হবে- হে জাহান্নামীরা! মৃত্যু নেই, তোমাদের অনন্তকাল এখানেই থাকতে হবে। (বুখারী ২/৯৬৯ পৃঃ)

অন্যত্র রসূল (সাঃ) বলেছেনঃ জান্নাতবাসীরা জান্নাতে এবং জাহান্নামীরা জাহান্নামে প্রবেশ করার পর মৃত্যুকে হাযির করে জান্নাত ও জাহান্নামের মধ্যবর্তী স্থানে জবাই করে দেয়া হবে। অতঃপর একজন ঘোষণাকারী ঘোষণা করবে, হে জান্নাতীগণ!, হে জাহান্নামীগণ! এখানে কোন মুত্যু নেই। (বুখারী ২/৯৬৯ পৃঃ)

অত্র হাদীস দ্বারা প্রমাণিত হলো যে জাহান্নামে মৃত্যু নেই, অথচ জাহান্নামে আত্নহত্যা করতে থাকলে উক্ত ব্যক্তির মৃত্যু বুঝায় কিন্তু জাহান্নামে মৃত্যুর কোন অবকাশ নাই।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ تَرَدَّى مِنْ جَبَلٍ فَقَتَلَ نَفْسَهُ فَهُوَ فِي نَارِ جَهَنَّمَ يَتَرَدَّى فِيهِ خَالِدًا مُخَلَّدًا فِيهَا أَبَدًا وَمَنْ تَحَسَّى سُمًّا فَقَتَلَ نَفْسَهُ فَسُمُّهُ فِي يَدِهِ

يَتَحَسَّاهُ فِي نَارِ جَهَنَّمَ خَالِدًا مُخَلَّدًا فِيهَا أَبَدًا وَمَنْ قَتَلَ نَفْسَهُ بِحَدِيدَةٍ فَحَدِيدَتُهُ فِي يَدِهِ يَجَأُ بِهَا فِي بَطْنِهِ فِي نَارِ جَهَنَّمَ خَالِدًا مُخَلَّدًا فِيهَا أَبَدًا

صحيح بخاري / **كِتَاب** الطِّبِ بَاب شُرْبِ السُّمِّ وَالدَّوَاءِ بِهِ وَبِمَا يُخَافُ مِنْهُ وَالْخَبِيثِ

(হাদীস নং ৪) আবু হুরায়রা (রাঃ) বলেন, রসূলুল্লাহ (সাঃ) বলেছেন, যে ব্যক্তি পাহাড় থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করবে সে জাহান্নামের আগুনে সর্বদা লাফিয়ে পড়বে এবং সেটাই হবে তার চিরস্থায়ী বাসস্থান। যে ব্যক্তি বিষপান করে আত্মহত্যা করবে, বিষ তার হাতে থাকবে। জাহান্নামে সে সর্বদা বিষ পান করতে থাকবে এবং জাহান্নাম হবে তার চিরন্তন বাসস্থান। যে ব্যক্তি লৌহখণ্ড দ্বারা আত্মহত্যা করবে তার হাতে সেই লৌহখণ্ড থাকবে। জাহান্নামে সর্বদা নিজের পেটে সেটি দিয়ে মারতে থাকবে এবং জাহান্নাম হবে তার চিরস্থায়ী বাসস্থান।

(বুখারী, চিকিৎসা অধ্যায়, অনুচ্ছেদঃ বিষপান করা, বিষ দ্বারা চিকিৎসা করা, হা/৪৫৪৫)

হাদীস এর শিক্ষাঃ

(ক) এই হাদীসে আত্মহত্যার কোন কারণ উল্লেখ করা হয়নি।

(খ) আত্মহত্যার কয়েকটি পদ্ধতি বা মাধ্যম উল্লেখ করা হয়েছে। যেমনঃ (১) পাহাড় থেকে লাফিয়ে পড়া (২) বিষপান করা (৩) লৌহখণ্ড দ্বারা আঘাত করা।

(গ) আত্মহত্যার শাস্তির ধরণ উল্লেখ করা হয়েছে।

(ঘ) আত্মহত্যাকারী চিরস্থায়ী জাহান্নামী।

জনৈক ব্যক্তি হাদীসের অনুবাদ করেছেন,..... আগুনে লাফিয়ে পড়ে "সর্বক্ষণ আত্মহত্যা" করতে থাকবে। ..... জাহান্নামে সে "সর্বক্ষণ বিষপান করে আত্মহত্যা" করতে থাকবে।

অথচ ইতিপূর্বে প্রমাণ করা হয়েছে যে, জাহান্নামে কোন মৃত্যু হবে না। অতঃএব জাহান্নামে আত্মহত্যা করে মৃত্যুর কোন সুযোগ নেই। সুতরাং অনুবাদে "আত্মহত্যা" এই শব্দটি তার জালিয়াতী।

প্রথম জালিয়াতীঃ "ধর্মের নামেও কেউ আত্মহত্যা করলে তার পরিণতিও হবে অনুরূপ"।

ধর্মের নামে কেউ আত্নহত্যা করতে পারে এর প্রমাণে কুরআনের কোন আয়াত কিংবা রসূলুল্লাহ (সাঃ) এর কোন হাদীস পূর্বেও কেউ দেখাতে পারেননি এখনোও কেউ দেখাতে পারবেন না। ৩ ও ৪ নং হাদীসে আত্নহত্যার কোন কারণ উল্লেখ করা হয়নি। বরং আত্নহত্যার পদ্ধতি ও শাস্তির কথা উল্লেখ করা হয়েছে।

অতএব উক্ত হাদীসদ্বয় থেকে "ধর্মের নামে আত্নহত্যা করা" এই কারণ প্রমাণ করা ইয়াহুদীদের স্বভাব।

১নং হাদীসে আত্নহত্যার কারণ উল্লেখ করা হয়নি। ২নং হাদীসে জখমের ব্যথা অসহ্য হওয়াকে আত্নহত্যার কারণ হিসাবে উল্লেখ করা হয়েছে। সামনে আরো কয়েকটি হাদীস উল্লেখ করা হবে যেখানে দেখা যাবে যে অসুস্থতা ও জখমের ব্যথা অসহ্য হওয়ার কারণেই আত্নহত্যা করেছে।

বিভিন্ন হাদীস থেকে এতটুকু প্রমাণিত হয় যে, আত্নহত্যার কারণ-অসুস্থতা ও জখমের ব্যথা অসহ্য হওয়া। ধর্মের কারণে নয়। কোন মুজাহিদের যদি আত্নহত্যা করাই উদ্দেশ্য হয় হবে আত্নহত্যার বিভিন্ন পদ্ধতির মধ্যে কোন একটি পদ্ধতির মাধ্যমে ঘরে বসেই মরতে পারত তারা তা করেনা কেন? অথবা যদি আগ্নেয়াস্ত্র দ্বারা আত্নহত্যা করাই উদ্দেশ্য হয় তবে দুর্গম গিরিপথ পাড়ি দিয়ে, কন্টকাকীর্ন পথ অতিক্রম করে শত্রুর গুপ্তচরদের চোখ ফাঁকি দিয়ে বিভিন্ন চেকপোষ্ট অতিক্রম করে তাগুতের নিরাপদ দূর্গে প্রবেশ করে হামলার মাধ্যমে আল্লাহর দুশমনদের ধ্বংসযজ্ঞ চালিয়ে নিজেও শাহাদাতের পিয়ালা পান করে রবের সান্নিধ্যে পৌঁছার চেয়ে একটি বুলেটের মাধ্যমেও তো আত্নহত্যা করতে পারত, তা করেনা কেন?

প্রকৃতার্থে ফিদায়ী বা শাহাদাত পিয়াসী বা আত্মোৎর্সগকারী ব্যক্তি এমন এক অভিযান বা হামলায় অংশ গ্রহণ করেন যে অভিযান থেকে আর ফিরে আসা যায় না, যেখানে মৃত্যু অনিবার্য আর এটিই হচ্ছে, শাহাদাত লাভের অন্যতম মাধ্যম। যার বিশদ বর্ণনা সামনে আসছে ইনশাআল্লাহ।

আর ফিদায়ী হামলায় অংশগ্রহণকারীকে ইয়াহুদী ও খ্রীষ্টান ও তার এজেন্টগণ আত্নঘাতী হামলা বলে অপপ্রচার করে ইসলামের গতিরোধ করতে চায়। আল্লাহ ওদের ধ্বংস করুন!

দ্বিতীয় জালিয়াতীঃ "তারা সেখানে চিরদিন অবস্থান করবে"।

এর বিশদ বর্ণনা পরে করা হবে। ইনশাআল্লাহ।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ شَهِدْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لِرَجُلٍ مِمَّنْ يَدَّعِي الْإِسْلَامَ هَذَا مِنْ أَهْلِ النَّارِ فَلَمَّا حَضَرَ الْقِتَالُ قَاتَلَ الرَّجُلُ قِتَالًا شَدِيدًا فَأَصَابَتْهُ جِرَاحَةٌ فَقِيلَ يَا رَسُولَ اللَّهِ الَّذِي قُلْتَ لَهُ إِنَّهُ مِنْ أَهْلِ النَّارِ فَإِنَّهُ قَدْ قَاتَلَ الْيَوْمَ قِتَالًا شَدِيدًا وَقَدْ مَاتَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى النَّارِ قَالَ فَكَادَ بَعْضُ النَّاسِ أَنْ يَرْتَابَ فَبَيْنَمَا هُمْ عَلَى ذَلِكَ إِذْ قِيلَ إِنَّهُ لَمْ يَمُتْ وَلَكِنَّ بِهِ جِرَاحًا شَدِيدًا فَلَمَّا كَانَ مِنْ اللَّيْلِ لَمْ يَصْبِرْ عَلَى الْجِرَاحِ فَقَتَلَ نَفْسَهُ فَأُخْبِرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِذَلِكَ فَقَالَ اللَّهُ أَكْبَرُ أَشْهَدُ أَنِّي عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ ثُمَّ أَمَرَ بِلَالًا فَنَادَى بِالنَّاسِ إِنَّهُ لَا يَدْخُلُ الْجَنَّةَ إِلَّا نَفْسٌ مُسْلِمَةٌ وَإِنَّ اللَّهَ لَيُؤَيِّدُ هَذَا الدِّينَ بِالرَّجُلِ الْفَاجِرِ

صحيح بخاري / كِتَاب الْجِهَادِ وَالسِّيَرِ بَاب إِنَّ اللَّهَ يُؤَيِّدُ الدِّينَ بِالرَّجُلِ الْفَاجِرِ

(হাদীস নং ৫) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ (সাঃ) এর সাথে এক যুদ্ধে ছিলাম। তিনি ইসলামের দাবীদার এক ব্যক্তিকে লক্ষ্য করে বললেন, এ ব্যক্তি জাহান্নামী, অথচ যখন যুদ্ধ শুরু হল তখন লোকটি ভীষণভাবে যুদ্ধ করল এবং আহত হল। তখন বলা হল, হে রসূলুল্লাহ (সাঃ) যে লোকটি সম্পর্কে আপনি বলেছিলেন, সে লোকটি জাহান্নামী আজ সে ভীষণ বীর বিক্রমে যুদ্ধ করেছে এবং মারা গেছে। রাবী বলেন, এ কথার জন্য কারো কারো মনে এ বিষয়ে সন্দেহ সৃষ্টির উপক্রম হয় এবং তারা এ বিষয়ে কথাবার্তায় লিপ্ত রয়েছেন। এমন সময় খবর এল যে, লোকটি মারা যায়নি বরং মারাত্মকভাবে আহত হয়েছে। যখন রাত্রি হল সে আঘাতের কষ্টে ধর্যধারণ করতে পারল না এবং আত্মহত্যা করল। তখন রসূলুল্লাহ (সাঃ) এর নিকট এ সংবাদ পৌঁছান হল। তিনি বললেন, আল্লাহু আকবার। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আমি অবশ্যই আল্লাহর বান্দা ও তাঁর রসূল।

অতঃপর তিনি লোকদের মধ্যে ঘোষণা দিলেন যে, মুসলিম অন্তর ব্যতীত কেউ জান্নাতে প্রবেশ করবে না। আর আল্লাহ তা'আলা এই দ্বীনকে মন্দ লোকের দ্বারাও সাহায্য করেন।

(বুখারী, জিহাদ অধ্যায়, অনুচ্ছেদঃ আল্লাহ তা'আলা মন্দ লোকের দ্বারা কখনো কখনো দ্বীনের সাহায্য করেন, হা/২৮৩৩)

হাদীস এর শিক্ষাঃ (ক) যুদ্ধ শুরুর প্রাক্কালে রসূলুল্লাহ (সাঃ) এর ভবিষ্যৎবাণী যুদ্ধে অংশ গ্রহণকারী উমুক ব্যক্তি জাহান্নামী।

(খ) যুদ্ধ শুরুর পর ঐ ব্যক্তির বীর বিক্রমে যুদ্ধ করা এবং পরে নিহত হওয়ার খবর উপস্থিত সাহাবীদের মধ্যে প্রচার হওয়ার জন্য তাঁরা বিষয়টি নিয়ে পর্যালোচনা করেন এবং কারো কারো মনে সন্দেহের সৃষ্টি হয় যে, জিহাদে অংশগ্রহণকারী নিহত ব্যক্তি শহীদ বা জান্নাতী না হয়ে কিরুপে জাহান্নামী হতে পারে?

(গ) বিষয়টি নিয়ে পর্যালোচনার এক পর্যায়ে ঐ ব্যক্তি সর্ম্পকে সটিক তথ্য পরিবেশন করা হল যে, হামলায় অংশগ্রহণকারী ঐ ব্যক্তি নিহত না হয়ে মারাত্নকভাবে আহত হয়েছে। এবং রাত্রে আঘাতের কষ্ট সহ্য করতে না পেরে আত্নহত্যা করেছে।

(ঘ) এই হাদীস দ্বারা দিবালোকের মত স্পষ্ট প্রমাণ হল যে, জিহাদে যোগদানকারী ঐ ব্যক্তি আত্নঘাতী হামলা করে নিহত হয়নি বা হামলার সময় নিহত হয়নি বরং রাত্রি বেলায় আঘাতের ব্যথা অসহ্য হওয়ার কারণে আত্নহত্যা করেছে এবং আত্নহত্যার কারণে জাহান্নামী হবে।

(ঙ) ঐ ব্যক্তির আত্নহত্যার কারণ জখমের ব্যথা অসহ্য হওয়া।

❁আর ফিদায়ী বা শাহাদাত পিয়াসী বা আত্নোৎসর্গকারী হামলাকারী এমন একটি অস্ত্র বহন করে হামলা চালায় যে অস্ত্র থেকে নিজেকে রক্ষা করতে পারে না বরং ঐ অস্ত্রের দ্বারাই তার শাহাদাত লাভের সৌভাগ্য হয়।

একজন মুসলিম ব্যক্তির জীবনে অনেক ভাল আমল থাকতে পারে।

যেমনঃ- ছলাত, ছিয়াম, হজ্জ, উমরাহ, কুরবানী, দান, খয়রাত, জিহাদ, হিজরত ইত্যাদি। যদি ঐ মুসলিম ব্যক্তি কোন সময় মানসিক আঘাতের কারণে, অসুস্থতার কারণে বা আঘাতের ব্যাথা অসহ্যের দরুণ (যে আঘাত হতে পারে কোন দুর্ঘটনার কারণে বা জিহাদে অংশগ্রহণ করার কারণে) আত্নহত্যা করে, তবে তার এতগুলো ভাল আমল থাকা সত্ত্বেও সে জাহান্নামে যাবে।

কিন্তু ফিদায়ী বা আত্নোৎসর্গকারী হামলাকারীর (আপনাদের ভাষায় আত্নঘাতী হামলাকারীর) হামলার পূর্বে শরীরে কোন্ জখম থাকে যা থেকে সে পরিত্রাণ পাওয়ার জন্য সে আত্নঘাতী হামলা চালায়? যদি সে আত্নহত্যাই

করতে চাইতো তবে সে হাদীসে বর্ণিত বিভিন্ন আত্মহত্যাকারীর মতো একাকি আত্মহত্যা করতে পারত। যুদ্ধের ময়দানে আত্মহত্যা করতে যাবে কেন? প্রকৃতপক্ষে এ সব কিছু ইয়াহুদী, খ্রীষ্টানদের এজেন্টদের অপতৎপরতা বৈ কিছুই নয়।

عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْتَقَى هُوَ وَالْمُشْرِكُونَ فَاقْتَتَلُوا فَلَمَّا مَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى عَسْكَرِهِ وَمَالَ الْآخَرُونَ إِلَى عَسْكَرِهِمْ وَفِي أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ لَا يَدَعُ لَهُمْ شَاذَّةً وَلَا فَاذَّةً إِلَّا اتَّبَعَهَا يَضْرِبُهَا بِسَيْفِهِ فَقِيلَ مَا أَجْزَأَ مِنَّا الْيَوْمَ أَحَدٌ كَمَا أَجْزَأَ فُلَانٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَا إِنَّهُ مِنْ أَهْلِ النَّارِ فَقَالَ رَجُلٌ مِنْ الْقَوْمِ أَنَا صَاحِبُهُ قَالَ فَخَرَجَ مَعَهُ كُلَّمَا وَقَفَ وَقَفَ مَعَهُ وَإِذَا أَسْرَعَ أَسْرَعَ مَعَهُ قَالَ فَجُرِحَ الرَّجُلُ جُرْحًا شَدِيدًا فَاسْتَعْجَلَ الْمَوْتَ فَوَضَعَ سَيْفَهُ بِالْأَرْضِ وَذُبَابَهُ بَيْنَ ثَدْيَيْهِ ثُمَّ تَحَامَلَ عَلَى سَيْفِهِ فَقَتَلَ نَفْسَهُ فَخَرَجَ الرَّجُلُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَشْهَدُ أَنَّكَ رَسُولُ اللَّهِ قَالَ وَمَا ذَاكَ قَالَ الرَّجُلُ الَّذِي ذَكَرْتَ آنِفًا أَنَّهُ مِنْ أَهْلِ النَّارِ فَأَعْظَمَ النَّاسُ ذَلِكَ فَقُلْتُ أَنَا لَكُمْ بِهِ فَخَرَجْتُ فِي طَلَبِهِ ثُمَّ جُرِحَ جُرْحًا شَدِيدًا فَاسْتَعْجَلَ الْمَوْتَ فَوَضَعَ نَصْلَ سَيْفِهِ فِي الْأَرْضِ وَذُبَابَهُ بَيْنَ ثَدْيَيْهِ ثُمَّ تَحَامَلَ عَلَيْهِ فَقَتَلَ نَفْسَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَ ذَلِكَ إِنَّ الرَّجُلَ لَيَعْمَلُ عَمَلَ أَهْلِ الْجَنَّةِ فِيمَا يَبْدُو لِلنَّاسِ وَهُوَ مِنْ أَهْلِ النَّارِ وَإِنَّ الرَّجُلَ لَيَعْمَلُ عَمَلَ أَهْلِ النَّارِ فِيمَا يَبْدُو لِلنَّاسِ وَهُوَ مِنْ أَهْلِ الْجَنَّةِ

(হাদীস নং ৬) সাহ্‌ল ইবনু সা'দ সা'ঈদী (রাঃ) হতে বর্ণীত। রসূলুল্লাহ (সাঃ) এবং মুশরিকরা মুখোমুখি হলেন। পরস্পরের মধ্যে তুমুল লড়াই হল। (দিনের শেষে) রসূলুল্লাহ (সাঃ) তাঁর সেনা ছাউনিতে ফিরে আসলেন আর অন্যপক্ষও তাদের ছাউনিতে ফিরে গেল। রসূলুল্লাহ (সাঃ) এর সাহাবীগণের মধ্যে এমন এক ব্যক্তি ছিলেন, যিনি তার তরবারি থেকে একাকী কিংবা দলবদ্ধ কোন শত্রু সৈন্যকেই রেহাই দেননি। বরং পিছু ধাওয়া করে তাকে তরবারির আঘাতে হত্যা করেছেন। তাদের কেই বললেন, অমুক ব্যক্তি আজ যা করেছে আমাদের

মধ্যে আর অন্য কেউ তা করতে সক্ষম হয়নি। তখন রসূলুল্লাহ (সাঃ) বললেন, কিন্তু সে তো জাহান্নামী। সাহাবীগণের একজন বললেন, (ব্যাপারটা দেখার জন্য) আমি তার সঙ্গী হব। সাহ্‌ল ইবনু সা'ঈদী (রাঃ) বলেন, পরে তিনি ঐ লোকটির সঙ্গে বের হলেন, লোকটি থামলে তিনিও থামতেন, লোকটি দ্রুত চললে তিনিও দ্রুত চলতেন। বর্ণনাকারী বলেন, এক সময়ে লোকটি ভীষণভাবে আঘাত প্রাপ্ত হল এবং (যন্ত্রণার চোটে) শীঘ্র মৃত্যু কামনা করল। তাই সে তার তরবারির গোড়ার অংশ মাটিতে রেখে এর ধারালো দিক বুকের মাঝে রাখল। এরপর সে তরবারির উপর নিজেকে জোরে চেপে ধরে আত্মহত্যা করল। তখন লোকটি (অনুসরণকারী সাহাবী) রসূলুল্লাহ (সাঃ) এর কাছে এসে বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি, নিশ্চয়ই আপনি আল্লাহ্‌র রসূল। রসূলুল্লাহ (সাঃ) বললেন, ব্যাপার কী? তিনি বললেন, একটু আগে আপনি যে লোকটির কথা বলেছিলেন যে, লোকটি জাহান্নামী, তাতে লোকেরা আশ্চর্যান্বিত হয়েছিল। তখন আমি তাদেরকে বলেছিলাম, আমি লোকটির পিছু নিয়ে দেখব। কাজেই আমি ব্যাপারটির খোঁজে বেরিয়ে পড়ি। এক সময় লোকটি মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত হল এবং শীঘ্র মৃত্যু কামনা করল, তাই সে তার তরবারির হাতলের দিক মাটিতে বসিয়ে এর তীক্ষ্ণ ভাগ নিজের বুকের মাঝে রাখল। এরপর নিজেকে তার উপর জোরে চেপে ধরে আত্মহত্যা করল। এ সময় রসূলুল্লাহ (সাঃ) বললেন, অনেক সময় মানুষ জান্নাতীদের মত 'আমাল করতে থাকে' যা দেখে অন্যরা তাকে জান্নাতীই মনে করে। অথচ সে জাহান্নামী। আবার অনেক সময় মানুষ জাহান্নামীদের মতো 'আমাল করতে থাকে যা দেখে লোকজনও সেরূপই মনে করে থাকে, অথচ সে জান্নাতী।

(বুখারী, জিহাদ অধ্যায়, অনুচ্ছেদঃ নিশ্চিত ভাবে বলা যাবে না যে, অমুক ব্যক্তি শহীদ, ১ম খণ্ড, ৪০৬ পৃঃ)

এই হাদীস এর শিক্ষাঃ (ক) এই হাদীসটি ৫নং হাদীসের বিস্তারিত বিবরণ। এর পূর্ণ আলোচনা ৫নং হাদীসে করা হয়েছে।

(খ) যুদ্ধে অংশ গ্রহণকারী ঐ ব্যক্তির নাম ছিল কুযমান। সে ছিল মুনাফেক। উহুদ যুদ্ধের প্রথম পর্যায়ে সে অংশগ্রহণ করেনি। এতে করে মহিলারা তাকে তিরস্কার করে। অবশেষে সে বাড়ি থেকে বের হয়ে যুদ্ধে

যোগদান করে বীর বিক্রমে যুদ্ধ করতে থাকে এবং আহত হয় এবং পরে আত্মহত্যা করে মারা যায়। (বুখারীর টিকা ১/৪০৬ পৃঃ)

এই হাদীসের বিবরণ রসূল (সাঃ) এর বিশ্বখ্যাত সীরাত গ্রন্থ আর রাহীকুল মাখতুমে এভাবে এসেছে-

আহতদের মধ্যে কোজমান নামে এক ব্যক্তিকেও পাওয়া গেলো। সে এই যুদ্ধে মুসলমানদের পক্ষে লড়াই করেছিল। সাত বা আটজন মুশরেককে হত্যা করেছিলো। তার দেহে ছিলো বহুসংখ্যক আঘাতের চিহ্ন। তাকে বনু যোফার মহল্লায় নিয়ে যাওয়া হলো। মুসলমানরা তাকে সুসংবাদ শুনালেন। সে বললো, আল্লাহর শপথ, আমিতো আমার গোত্রের সুনামের জন্য লড়াই করেছি। গোত্রের সুনাম রক্ষার চিন্তা না থাকলে আমি তো লড়াই করতাম না। জখমের যন্ত্রনা তীব্র হয়ে গেলে কোজমান নিজেকে যবাই করে আত্মহত্যা করে। রসূল (সাঃ) এর কাছে তার প্রসঙ্গ উত্থাপন করা হলে তিনি বললেন, সে তো জাহান্নামী। এই ঘটনায় রসূল (সাঃ) এর একটি ভবিষ্যতবাণীর সত্যতা প্রমাণিত হলো।

আল্লাহর কালেমা বুলন্দের উদ্দেশ্য ছাড়া দেশের জন্য বা অন্য কোন উদ্দেশ্যে যারা যুদ্ধ করে, তাদের সকলের পরিণাম কোজমানের মতো হবে। এমনকি যদি তারা ইসলামের পতাকাতলে রাসূল (সাঃ) এর বা সাহাবায়ে কেরামের সঙ্গী হয়ে যুদ্ধ করে, তবুও তাদের এই পরিণামের সম্মুখীন হতে হবে। (যাদুল-মায়াদ দ্বিতীয় খণ্ড ৯৭-৯৮ পৃঃ, আর রাহীকুল মাখতুম ২৮৫ পৃঃ)

৫নং হাদীসে বর্ণিত যুদ্ধে অংশগ্রহণকারী ব্যক্তিটি যে মুনাফেক বা অমুসলিম ছিল তা উল্লেখিত ইতিহাস থেকেই প্রমাণিত হলো। আহত হওয়ার পর যদি সে ঐ জখমের কারণেই মরে যেত তাহলে তো সে শহীদ হতো। কিন্তু মুনাফিক হওয়ার জন্য সে ইসলামে ও পরকালের উপর ঈমান না রাখার জন্য আত্মহত্যার পথ বেছে নেয় এবং জাহান্নামে চলে যায়।

জিহাদে অংশগ্রহণকারী একজন প্রকৃত মুমিন মুজাহিদ এর চিন্তা-চেতনা ও উদ্দেশ্য "আল্লাহর কালেমা বুলন্দ করা" ছাড়া আর কিছু থাকেনা তার সাথে হাদীসে বর্ণিত ঐ মুনাফিকের কি সর্ম্পক থাকতে পারে?

উক্ত লেখক স্বীয় পুস্তকে উল্লেখ করেছেন, ধর্মের নামে আত্মহত্যাকারীও জাহান্নামী। রসূল (সাঃ) তাঁর সাথে জিহাদে অংশগ্রহণকারী আত্মঘাতী সাহাবীকেও জাহান্নামী বলে ঘোষণা করেছেন।

উত্তরে এতোটুকুই বলব যে, হাদীসে বর্ণিত উক্ত ব্যক্তি আল্লাহর কালেমাকে বুলন্দের উদ্দেশ্যে আত্মহত্যা করেনি বরং আঘাতের ব্যথা অসহ্য হওয়ার দরুণ আত্মহত্যা করেছে এবং বিশ্বস্ত ইতিহাস থেকে এটাও প্রমাণ করা হয়েছে যে, ঐ ব্যক্তি ছিল একজন মুনাফিক। অতঃএব যিনি আল্লাহর কালেমাকে বুলন্দ করার জন্য, অবশ্যম্ভাবী মৃত্যুকে আলিঙ্গন করে হলেও সশস্ত্র জিহাদে ঝাঁপিয়ে পড়ে ফিদায়ী হামলা চালায় তার সাথে উক্ত হাদীসদ্বয়ের কি সম্পর্ক থাকতে পারে? তিনি হবেন শহীদ।

কেননা রসূলুল্লাহ (সাঃ) বলেছেনঃ إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ সকল কর্ম নিয়্যত এর উপর নির্ভরশীল।

عَنْ جَابِرٍ فَلَمَّا هَاجَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْمَدِينَةِ هَاجَرَ إِلَيْهِ الطُّفَيْلُ بْنُ عَمْرٍو وَهَاجَرَ مَعَهُ رَجُلٌ مِنْ قَوْمِهِ فَاجْتَوَوْا الْمَدِينَةَ فَمَرِضَ فَجَزِعَ فَأَخَذَ مَشَاقِصَ لَهُ فَقَطَعَ بِهَا بَرَاجِمَهُ فَشَخَبَتْ يَدَاهُ حَتَّى مَاتَ فَرَآهُ الطُّفَيْلُ بْنُ عَمْرٍو فِي مَنَامِهِ فَرَآهُ وَهَيْئَتُهُ حَسَنَةٌ وَرَآهُ مُغَطِّيًا يَدَيْهِ فَقَالَ لَهُ مَا صَنَعَ بِكَ رَبُّكَ فَقَالَ غَفَرَ لِي بِهِجْرَتِي إِلَى نَبِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ مَا لِي أَرَاكَ مُغَطِّيًا يَدَيْكَ قَالَ قِيلَ لِي لَنْ نُصْلِحَ مِنْكَ مَا أَفْسَدْتَ فَقَصَّهَا الطُّفَيْلُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُمَّ وَلِيَدَيْهِ فَاغْفِرْ

صحيح مسلم / كتاب الإيمان بَاب الدَّلِيلِ عَلَى أَنَّ قَاتِلَ نَفْسَهُ لَا يُكَفَّرُ

(হাদীস নং-৭) জাবের (রাঃ) হতে বর্ণিত, যখন নবী করীম (সাঃ) মদীনায় হিজরত করলেন, তখন তুফাইল ইবনু আমরও (রাঃ) রসূলুল্লাহ (সাঃ) এর নিকট হিজরত করে আসলেন। তাঁর সাথে তার স্বগোত্রীয় অন্য ব্যক্তি হিজরত করে এসেছিল। এক পর্যায়ে মদিনায় অবস্থান তাদের কাছে অপছন্দনীয় হয়ে উঠল ও পরে সে অসুস্থ হয়ে ধর্যহারা হয়ে পড়ল। অতঃপর ছুরি দ্বারা হাতের গিরা কেটে ফেলল। ফলে এমনভাবে হাত হতে রক্তক্ষরণ হল যে এতেই সে মারা গেল। পরে তুফাইল ইবনু আম্‌র (রাঃ) তাকে স্বপ্নে দেখলেন যে, অবস্থা খুবই সুন্দর এবং তার হাত দু'খানা ঢাকা। তখন তুফাইল (রাঃ) তাকে

জিজ্ঞেস করলেন, তোমার প্রতিপালক তোমার সাথে কিরূপ আচরণ করেছেন? লোকটি বলল, আল্লাহ আমাকে তাঁর নবীর নিকট হিজরত করার দরুণ ক্ষমা করে দিয়েছেন। তুফাইল (রাঃ) আবার তাকে জিজ্ঞেস করলেন, কি ব্যাপার আমি তোমার হাত দু'খানা ঢাকা দেখছি কেন? সে বলল, আমাকে বলা হয়েছে যে, তুমি যা নষ্ট করেছ, আমি তা কখনো ঠিক করব না। তুফাইল (রাঃ) স্বপ্নের পূর্ণ বিবরণ রসূলুল্লাহ (সাঃ) এর নিকট পেশ করলেন। তখন রসূলুল্লাহ (সাঃ) বললেন, হে আল্লাহ, তার হাত দু'খানাকেও মাফ করে দেও।

(মুসলিম, ঈমান অধ্যায়, অনুচ্ছেদঃ আত্মহত্যাকারীকে কাফির না বলার দলীল, হা/১৫৯)

হাদীস থেকে শিক্ষাঃ (ক) মুসলিম শরীফে এই হাদীস আনয়নের পূর্বে بَاب রচনা করেছেন, بَاب الدَّلِيل عَلَى أَنَّ قَاتِلَ نَفْسَهُ لَا يُكَفَّرُ = আত্মহত্যাকারীকে কাফির না বলার দলীল। এই অধ্যায় রচনার দ্বারাই দিবালোকের মত স্পষ্ট প্রমাণিত হলো যে, ঐ ব্যক্তি আত্মহত্যা করে ছিল।

(খ) হাদীসে فَاجْتَوَوْا এর টিকায় আল্লামা ইমাম নববী (রঃ) উল্লেখ করেছেন, অর্থ খাত্তাবী বলেন, وَهُوَ دَاءٌ يُصِيْبُ الْجَوْفَ এটি এমণ একটি পিড়া যা পেটকে আক্রান্ত করে। (মুসলিম ১/৭৪ পৃঃ টিকা দ্রঃ)

সুতরাং সে ব্যক্তি যে রোগে আক্রান্ত হয়েছিল তা হলো পেটের পিড়া।

(গ) অসুস্থতার দরুণ লোকটি অস্থির হয়ে ছুরি দ্বারা হাতের গিরা কেটে ফেলে।

ঐ লোকটির রোগ ছিল পেটে, যা তাকে অস্থির করে ফেলেছিল কিন্তু তার হাতে কোন আঘাত বা অসুখ ছিল না।

সে ভালভাবেই বুঝে ছিল যে পেটের পিড়া থেকে মুক্তি পাওয়ার জন্য হাতের গিরা কেটে ফেললে প্রচন্ড রক্তক্ষরণের মাধ্যমে তার মৃত্যু হবে এবং হলোও তাই। আর এটিই হলো আত্মহত্যা।

(ঘ) তুফাইল (রাঃ) এবং ঐ আত্মহত্যাকারী সাহাবীর স্বপ্নে সাক্ষাৎ ও জিজ্ঞাসাবাদ যাতে প্রমাণ হয় যে, আত্মহত্যার মতো বড় গুণাহকে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা নবী (সাঃ) এর নিকট হিজরত করার জন্য ক্ষমা করে

দিয়েছেন এবং বড় গুনাহের কারণে জাহান্নামে শাস্তি না দিয়ে প্রথমেই জান্নাতে প্রবেশ করিয়েছেন।

(ঙ) প্রথমে আত্নহত্যাকারী সাহাবীর হাতদ্বয়কে ক্ষমা না করা, পরে রসূল (সাঃ) এর দু'য়ার কারণে হাতকেও ক্ষমা করার প্রমাণ।

এই হাদীসটি উপরে উল্লেখিত কয়েকটি হাদীস, বিশেষকরে ৪নং হাদীসে বর্ণিত আত্নহত্যাকারী "চিরস্থায়ী জাহান্নামী" এর ব্যাখ্যা।

আল্লামা নববী (রঃ) মুসলিম শরীফে ৪ নং হাদীসের টিকায় উল্লেখ করেছেনঃ

فِي نَارِ جَهَنَّمَ خَالِدًا مُخَلَّدًا فِيهَا أَبَدًا অর্থঃ রসূলুল্লাহ (সাঃ) এর বাণী, "আত্নহত্যাকারী চিরস্থায়ী জাহান্নামী। সেটি হচ্ছে তার চিরস্থায়ী ঠিকানা"।

এ বিষয়ে কয়েকটি মতামত পরিলক্ষিত হয়। (১) এটি ঐ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য, যে হারাম জানা সত্ত্বেও হালাল মনে করে আত্নহত্যা করবে সে ব্যক্তি কাফির এবং এটির শাস্তি তার জন্য রয়েছে।

(২) চিরস্থায়ী থেকে উদ্দেশ্য হচ্ছে দীর্ঘদিন অবস্থান করা। বাস্তবে চিরস্থায়ী থাকা নয়। যেমন বলা হয়, আল্লাহ তায়ালা বাদশাহ্ এর রাজত্ব চিরস্থায়ী করুন! (অথচ একজন বাদশাহ এর আয়ুকাল সীমিত)

(৩) এটিই তার প্রতিদান। কিন্তু আল্লাহ তায়ালা অনুগ্রহ করবেন এবং ঘোষণা দিবেন, যে ব্যক্তি মুসলিম হয়ে মৃত্যুবরণ করবে সে চিরস্থায়ী জাহান্নামী হবে না। (মুসলিম, ৭৩ পৃঃ উক্ত হাদীসের টিকা দ্রঃ)

আল্লামা নববী (রঃ) মুসলিম শরীফে ৭ নং হাদীসের টিকায় উল্লেখ করেছনঃ

اَمَّا اَحْكَامُ الْحَدِيْثِ فَفِيْهِ حُجَّةٌ لِقَاعِدَةٍ عَظِمَةٍ لِاَهْلِ السُّنَّةِ اَنَّ مَنْ قَتَلَ نَفْسَهُ اَوِ ارْتَكَبَ مَعْصِيَةً غَيْرَهَا وَ مَاتَ مِنْ غَيْرِ تَوْبَةٍ فَلَيْسَ بِكَافِرٍ وَلَايُقْطَعُ لَهُ بِالنَّارِ بَلْ هُوَ فِيْ حُكْمِ الْمَشِيَةِ وَ قَدْ تَقَدَّمَ بَيَانُ الْقَاعِدَةِ وَ تَقْرِيْرِهَا وَهَذَا الْحَدِيْثُ شَرْحٌ لِلْاَحَادِيْثِ الَّتِيْ قَبْلَهُ الْمُوْهِمِ ظَاهِرُهَا تَخْلِيْدُ قَاتِلِ النَّفْسِ وَ غَيْرِهِ مِنْ اَصْحَابِ الْكَبَاءِرِ فِيْ النَّارِ

অর্থাৎ, এই হাদীসের বিধানসমূহ হলঃ এই হাদীসে আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের একটি বড় মূলনীতির হুজ্জত বা প্রমাণ রয়েছে, যে ব্যক্তি আত্নহত্যা করবে অথবা এছাড়া অন্য কোন গুণাহে লিপ্ত হয়ে তওবা ব্যতীত

মারা যাবে, সে ব্যক্তি কাফির নয় এবং নিশ্চিতরূপে জাহান্নামী নয়। বরং সে আল্লাহর ইচ্ছাধীন। ইতিপূর্বে এর মূলনীতি ও বিবরণ আলোচিত হয়েছে।

এই হাদীসটি ঐ সকল অস্পষ্ট হাদীসের ব্যাখ্যা, যাতে বাহ্যত আত্মহত্যাকারী ও অন্যান্য কবীরা গুণাহগার ব্যক্তিকে চিরস্থায়ী জাহান্নামী বলা হয়েছে। (মুসলিম, শরহে নববী, ৭৪ পৃঃ, উক্ত হাদীসের টিকা দ্রঃ)

এর দ্বারা স্পষ্ট প্রমাণ হলো, যে কোন আত্মহত্যাকারীকেও আল্লাহ তায়ালা কোন ছওয়াবের কারণে ক্ষমা করে জান্নাত দিতে পারেন। এটি সম্পূর্ণ আল্লাহর ইচ্ছাধীন।

জনৈক গুপ্ত এজেন্ট স্বীয় পুস্তকে ৭ নং হাদীস উল্লেখ করে মন্তব্য করেছেন যে, এ হাদীস দ্বারা একথা স্পষ্টভাবে প্রতীয়মান হচ্ছে যে, আত্মহত্যা তো দূরের কথা কোন মানুষই তার নিজের শরীরের বাহ্যিক ও আত্মিক কোনটাই নষ্ট করতে পারে না। আর নষ্ট করা বা অকেজো করা হারাম। যদি কোন ব্যক্তি তার কোন অঙ্গ নষ্ট করে তাহলে আল্লাহ তার সে নষ্ট অঙ্গকে ক্ষমা করবেন না। অর্থাৎ পরকালে তা ঠিক করে দিবেন না।

কাজেই "আত্মঘাতী বোমাবাজরা কোনদিন ক্ষমা পাবে এ আশা করা যায় না।" -কে বড় লাভবান ১৫১ পৃঃ।

অথচ ৭নং হাদীসের আলোচনায় উল্লেখ করা হয়েছে যে, ঐ ব্যক্তি আত্মহত্যা করে গুণাহগার হয়েছিল বলেই ক্ষমার প্রশ্ন উঠে। আর আল্লাহ তায়ালা হিজরতের ছাওয়াবের কারণে তাকে ক্ষমা করে জান্নাতে দাখিল করেছেন। আরও প্রমাণ করা হয়েছে যে, আত্মহত্যাকারীকে ক্ষমা করা/না করা আল্লাহর ইচ্ছাধীন। আল্লাহ তায়ালা ইয়াহুদী-খ্রীষ্টানদের ষড়যন্ত্র থেকে মুসলিমদের রক্ষা করুন!

উক্ত গুপ্ত এজেন্ট স্বীয় পুস্তকে শিরোনাম করেছেনঃ–

“আত্মঘাতী হামলা ইসলামে বৈধ নয়”

এ প্রসঙ্গে একটি আয়াত উল্লেখ করেছেন-

﴿وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ ۛ وَأَحْسِنُوا ۛ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

অর্থ লিখেছেনঃ “আর তোমরা নিজেদের জীবনকে ধবংসের মুখে ঠেলে দিও না। মানুষের সাথে সদাচরণ কর। নিশ্চয়ই আল্লাহ সদাচরণ কারীদের ভালবাসেন”। (সূরা বাকারাহ্ঃ ১৯৫ নং আয়াত)

তারপর মন্তব্য করেছেনঃ

অত্র আয়াতে আল্লাহ আত্নহত্যাকে চিরতরে নিষিদ্ধ ঘোষণা করেছেন।

(কে বড় লাভবান ১৪৯ পৃঃ)

এ আয়াতে জালিয়াতির প্রমাণঃ

হযরত হুযাইফা (রাঃ) বলেন যে, আল্লাহর পথে ব্যয়কারীদের সম্বন্ধে এই আয়াতটি অবতীর্ণ হয়। (সহীহ্ বুখারী ২/৬৪৮ পৃঃ)

মনীষীগণও এই আয়াতের তাফসীরে একথাই বলেছেন। হযরত আবু ইমরান (রঃ) বর্ণনা করেন যে, মুহাজিরগণের একব্যক্তি কনষ্টান্টিনোপলের যুদ্ধে কাফিরদের সৈন্য বাহিনীর উপর বীরত্বপূর্ণ আক্রমণ চালান এবং তাদের বুহ্য ভেদ করে শত্রু সৈন্যদের মধ্যে ঢুকে পড়েন। তখন কতগুলো লোক পরস্পর বলাবলি করে, ‘দেখ! এই ব্যক্তি স্বীয় হস্তদ্বয় ধবংসের মধ্যে নিক্ষেপ করছে।’ হযরত আবু আইউব (রাঃ) একথা শুনে বলেনঃ এই আয়াতের সঠিক ভাবার্থ আমরাই ভাল জানি। জেনে রেখো যে, এই আয়াতটি আমাদের সম্বন্ধেই অবতীর্ণ হয়। আমরা রসূলুল্লাহ (সাঃ) এর সাহচর্যে থেকেছি, তাঁর সাহায্যের কাজেই থেকেছি। অবশেষে ইসলাম বিজয়ীর বেশে প্রকাশিত হয় এবং মুসলমানেরা জয়লাভ করে। তখন আমরা আনসারগণ একদা একত্রিত হয়ে এই পরামর্শ করি যে, মহান আল্লাহ তাঁর নবী (সাঃ) এর সাহচর্যের মাধ্যমে আমাদের কে সম্মানিত করেছেন। আমরা তাঁর সেবার কার্যে নিযুক্ত থেকেছি এবং তার সাথে যুদ্ধে যোগদান করেছি। এখন আল্লাহর ফজলে ইসলাম বিস্তার লাভ করেছে, মুসলমানগণ বিজয়ী হয়েছেন এবং যুদ্ধের সমাপ্তি ঘটেছে। এতদিন ধরে না আমরা আমাদের সন্তানদের খবরা-খবর নিতে পেরেছি, না যান-ধন, জমি-জমা ও বাগ-বাগিচার দেখাশোনা করতে পেরেছি।

সুতরাং এখন আমাদের পারিবারিক ব্যাপারে মনোযোগ দেওয়া উচিত। তখন এই আয়াতটি অবতীর্ণ হয়। সুতরাং জিহাদ ছেড়ে দিয়ে ছেলে-মেয়ে ও ব্যবসা-বাণিজ্যের প্রতি মনোযোগ দেয়া যেন নিজের হাতে নিজেকে ধ্বংসের মুখে ঠেলে দেয়ারই সামিল। আবু ইমরান বলেন, সে জন্যই হযরত আবু আইয়ুব আনসারী (রাঃ) সারা জীবনই জিহাদ করে গেছেন। শেষ পর্যন্ত ইস্তাম্বুলে শহীদ হয়ে সেখানেই সমাহিত হয়েছেন।

(সুনান-ই-আবু দাউদ ১ম খণ্ড, ৩৪০ পৃঃ, তিরমিযী ২য় খণ্ড, ১২৬ পৃঃ, সুনান-ই-নাসায়ী ইত্যাদি)

অন্য একটি বর্ণনায় রয়েছে যে, কনস্টান্টিনোপলের যুদ্ধের সময় মিশরীয়দের নেতা ছিলেন হযরত উকবা ইবনে আমের এবং সিরীয়দের নেতা ছিলেন হযরত ইয়াযীদ বিন ফুযালাহ বিন উবাইদ। হযরত বারা বিন আযীব (রাঃ) কে এক ব্যক্তি জিজ্ঞাস করেনঃ যদি আমি একাকী শত্রু সারির মধ্যে ঢুকে পড়ি এবং তথায় শত্রু পরিবেষ্টিত হয়ে পড়ি ও নিহত হয়ে যাই তবে কি এই আয়াত অনুসারে আমি নিজের জীবনকে নিজেই ধ্বংসকারীরূপে পরিগণিত হবো?

তিনি উত্তরে বলেনঃ 'না না' আল্লাহ তায়ালা স্বীয় নবী (সাঃ) কে বলেনঃ

فَقَاتِلْ فِي سَبِيلِ اللّهِ لاَ تُكَلَّفُ إِلاَّ نَفْسَكَ

অর্থাৎ (হে নবী) আল্লাহর পথে যুদ্ধ কর, তুমি শুধু তোমার জীবনেরই মালিক।

সুতরাং শুধুমাত্র তোমার জীবনকেই কষ্ট দেয়া হবে।' বরং ঐ আয়াতটি তো তাদেরই ব্যাপারে অবতীর্ণ হয়েছিল যারা আল্লাহ তা'আলার পথে খরচ করা হতে বিরত রয়েছিল। (তাফসীর-ই-ইবনে মিরদুওয়াই ইত্যাদি)

মুসনাদ-ই-ইবনে আবি হাতিমের মধ্যে রয়েছে যে, মুসলমানগণ দামেস্ক অবরোধ করেন। 'ইয্‌দিশনাওআহ্' নামক গোত্রের এক ব্যক্তি বীরত্ব দেখিয়ে শত্রুদের মধ্যে ঢুকে পড়ে এবং তাদের ব্যূহ ভেদ করে ভিতরে চলে যায়। জনগণ তাকে খারাপ মনে করে এবং হযরত আমর বিন আসের (রাঃ) এর নিকট অভিযোগ পেশ করে। হযরত আমর (রাঃ) তাকে ডেকে নেন এবং বলেন, কুরআন মাজীদের মধ্যে রয়েছে- 'নিজেদের জীবনকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করো না।' হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন 'যুদ্ধের মধ্যে এইরূপ

বীরত্ব দেখানো জীবনকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করা নয় বরং আল্লাহর পথে মাল খরচ না করাই হচ্ছে ধ্বংসের মধ্যে পতিত হওয়া।

হযরত কারযী (রাঃ) প্রভৃতি মনীষী হতে বর্ণিত আছে যে, জনগণ রসূলুল্লাহ (সাঃ) এর সাথে যুদ্ধে যেতো এবং সাথে সাথে খরচ নিয়ে যেতো না। তখন হয় তারা ক্ষুধায় মারা যাবে, না হয় তাদের বোঝা অন্যদের ঘাড়ে চেপে বসবে। তাই এই আয়াতে তাদেরকে বলা হচ্ছে আল্লাহ তা'আলা তোমাদেরকে যা কিছু দিয়েছেন তা হতে তাঁর পথে খরচ কর এবং তোমরা নিজেদেরকে ধ্বংসের মুখে নিক্ষেপ করো না- যে ক্ষুধা পিপাসায় বা পায়ে হেঁটে হেঁটে মরে যাবে।' এর সাথে সাথে যাদের কাছে কিছু রয়েছে তাদেরকেও নির্দেশ দেওয়া হচ্ছে, তোমরা মানুষের হিতসাধন করতে থাকো তাহলে আল্লাহ তা'আলা তোমাদেরকে ভাল বাসবেন। তোমরা পুণ্যের প্রত্যেক কাজে খরচ করতে থাকো। বিশেষ করে যুদ্ধের সময় আল্লাহর পথে খরচ করা হতে বিরত থেকো না, এটা প্রকৃতপক্ষে তোমাদেরই ধ্বংস টেনে আনবে। সুতরাং হিতসাধন করা হচ্ছে বড় রকমের আনুগত্য যার নির্দেশ এখানে হচ্ছে যে, হিতসাধন কারীগণ আল্লাহ তা'আলার বন্ধু।

(ডঃ মুজিবুর রহমান কর্তৃক অনূদিত তাফসীর ইবনে কাসীর উক্ত আয়াতের তাফসীর দ্রঃ)

উপরোল্লিখিত হাদীসসমূহ দ্বারা স্পষ্টভাবে প্রমাণিত হলো যে,

وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ

(তোমরা নিজেদের হাতকে ধ্বংসের দিকে ঠেলে দিও না)

এই আয়াতটি জিহাদ ছেড়ে দেওয়া এবং জিহাদের পথে ব্যয় না করার ক্ষেত্রে অবতীর্ণ হয়েছে। আর ফিদায়ী হামলাকে জোরালোভাবে সমর্থন করছে। হে আল্লাহ ইসলামের দুশমনদের তুমি ধ্বংস করে দাও!

ফিদায়ী হামলার পক্ষে ফাত্ওয়া সমূহঃ-

প্রশ্নঃ (২৫/২৫) সম্প্রতি বিমান ছিনতাই করে আমেরিকার 'টুইন টাওয়ার' ধ্বংস করা হয়েছে। এখানে ছিনতাইকারীগণ যদি মুসলমান হন এবং তাদের উদ্দেশ্য যদি আমেরিকার বিরুদ্ধে যুদ্ধের শামিল হয় তবে কি তারা শহীদ বলে গণ্য হবেন? দলীল ভিত্তিক জওয়াব চাই।

আঃ রহমান।
হাটদামনাশ, বাগমারা, রাজশাহী।

উত্তরঃ আল্লাহর সন্তুষ্টি বিধানের জন্য যারা আল্লাহর রাস্তায় জিহাদ করে অথবা স্বীয় জান-মাল, দ্বীন ও পরিবার-পরিজনকে অন্যায় আক্রমণ ও আগ্রাসন থেকে রক্ষা করার জন্য লড়াই করতে গিয়ে মৃত্যুবরণ করে তারাই শহীদ।

মহান আল্লাহ বলেন, 'আল্লাহ জান্নাতের বিনিময়ে মুমিনদের কাছ থেকে তাদের জান ও মাল ক্রয় করে নিয়েছেন। তারা আল্লাহর পথে যুদ্ধ করে অতঃপর মারে ও মরে। (সূরা তওবাঃ ১১১)

আর যে আল্লাহর পথে যুদ্ধ করে অতঃপর প্রাণ হারায়, আমি অবশ্যই তাকে মহা প্রতিদান দেব। (সূরা নিসাঃ ৭৪)

রসূল (সাঃ) বলেন, যে ব্যক্তি আল্লাহর রাস্তায় নিহত হয়, "সে ব্যক্তি শহীদ।" (মুসলিম, মেশকাত হাঃ ৩৮১১, জিহাদ অধ্যায়)

সুতরাং ছিনতাইকারীগণ যদি মুসলমান হন এবং মুসলিম বিদ্বেষী যালিম রাষ্ট্র আমেরিকার বিরুদ্ধে জিহাদের উদ্দেশ্যে এরূপ করে থাকেন, তবে অবশ্যই তারা শহীদ বলে গণ্য হবেন।

(আত-তাহরীক, ৫৪ পৃঃ অক্টোবর ২০০১, প্রশ্ন নং ২৫/২৫)

প্রশ্নঃ (২৫/৩৫০) আমরা জানি আত্মহত্যাকারীর পরিনাম জাহান্নাম। বর্তমানে ফিলিস্তিনী মুজাহিদ ভাইয়েরা অভিশপ্ত ইহুদীদের বিরুদ্ধে জিহাদ করতে গিয়ে নিজেকে মানব বোমায় পরিণত করে মারা যাচ্ছে। আখেরাতে তাদের পরিণাম কি হবে।

এস, এস, মনীরুযযামান।
কৃপারামপুর, ধানদিয়া, কলারোয়া, সাতক্ষীরা।

উত্তরঃ আল্লাহ তা'আলার দ্বীনকে সমুন্নত করার লক্ষে মুজাহিদগণ যে কোন কৌশল অবলম্বন করতে পারেন। যদিও নিশ্চিত হন যে, আমরা জিহাদের ময়দানে মৃত্যুবরণ করব। তারা শহীদের মর্যাদা পাবেন ইনশাআল্লাহ।

কারণঃ তাদের লক্ষ্য হ'ল আল্লাহর দ্বীনকে বিজয়ী করা। পক্ষান্তরে আত্মহত্যাকারীর ঐ ধরণের কোন প্রত্যাশা থাকে না। কাজেই দু'টির লক্ষ্য দু'ধরনের।

আব্দুল্লাহ ইবনে ওমর (রাঃ) হ'তে বর্ণিত, মুতার যুদ্ধে রসূলুল্লাহ (সাঃ) স্বীয় গোলাম যায়েদ বিন হারেসাকে তিন হাযার সৈন্যের সেনাপতি নিযুক্ত করেন। অতঃপর বললেন, যায়েদ বিন হারেসা শহীদ হ'লে জাফর বিন আবু ত্বালেব সেনাদলের নেতৃত্ব দিবে। সেও যদি শহীদ হয় তাহলে আব্দুল্লাহ ইবনে রাওয়াহা নেতৃত্ব গ্রহণ করবে। পরপর তিন জনই শহীদ হ'লে খালিদ বিন ওয়ালিদ এর হাতে নেতৃত্ব সোপর্দ করা হয় এবং তার হাতেই বিজয় সাধিত হয়। (সহীহ্ বুখারী, হাঃ ৩৭২৮ মাগাযী অধ্যায়, ২১০ পৃঃ)

রসূলুল্লাহ (সাঃ) এর উক্ত ভাষণে সেনাপতিগণ অনুধাবণ করেছিলেন যে, আমাদের মৃত্যু অবশ্যম্ভাবী। মৃত্যুকে আলিঙ্গন করে হ'লেও আল্লাহর দ্বীনকে সমুন্নত করার জন্য সশস্ত্র জিহাদে ঝাঁপিয়ে পড়া যায়।

(আত-তাহরীক ৫২ পৃঃ, আগষ্ট ২০০২ সংখ্যা, প্রশ্ন নং ২৫/৩৫০)

প্রশ্নঃ (২/৩৪৭) আমরা জানি, আত্মহত্যাকারীর পরিণাম জাহান্নাম। বর্তমানে মুজাহিদ ভাইয়েরা ইহুদী-খৃষ্টানদের বিরুদ্ধে জিহাদ করতে গিয়ে নিজেকে মানববোমায় পরিণত করে মারা যাচ্ছেন।এভাবে আত্মঘাতি বোমায় নিহতদের আখেরাতে পরিণাম কি হবে?

ইকবাল হুসাইন।
হরিপুর, ভেন্ডাবাড়ী, পীরগঞ্জ, রংপুর।

উত্তরঃ আল্লাহ তায়ালার দ্বীনকে সমুন্নত রাখার লক্ষ্যে মুজাহিদগণ যে কোন কৌশল অবলম্বন করতে পারেন। যদিও নিশ্চিত হন যে, আমরা জিহাদের ময়দানে মৃত্যুবরণ করব। এরা শহীদের মর্যাদা পাবেন ইনশাআল্লাহ।

কারণঃ তাদের লক্ষ্য হল আল্লাহর দ্বীনকে বিজয়ী করা। পক্ষান্তরে আত্মহত্যাকারীর ঐ ধরণের কোন প্রত্যাশা থাকে না। কাজেই দু'টির লক্ষ্য দু'ধরণের।

আব্দুল্লাহ ইবনে ওমর (রাঃ) হ'তে বর্ণিত, মুতার যুদ্ধে রসূলুল্লাহ (সাঃ) স্বীয় গোলাম যায়েদ বিন হারেসাকে তিন হাযার সৈন্যের সেনাপতি নিযুক্ত করেন। অতঃপর বললেন, যায়েদ বিন হারেসা শহীদ হ'লে জাফর বিন আবু ত্বালেব সেনাদলের নেতৃত্ব দিবে। সেও যদি শহীদ হয় তাহলে আব্দুল্লাহ ইবনে রাওয়াহা নেতৃত্ব গ্রহণ করবে।

অপর বর্ণনায় আনাস (রাঃ) বলেন, উক্ত তিন জনের শহীদ হওয়ার খবর আসার আগেই আল্লাহর রসূল (সাঃ) অশ্রুসিক্ত নয়নে তাদের মৃত্যুর খবর আমাদেরকে শুনান এবং বলেন, অতঃপর আল্লাহর তরবারি সমূহের মধ্যকার একটি তরবারি (খালেদ বিন ওয়ালিদ) ঝাণ্ডা হাতে নেন এবং তার হাতেই আল্লাহ বিজয় দান করেন।

(সহীহ্ বুখারী ২/১০৪ পৃঃ, হাঃ নং ৪২৬১, ৪২৬২ 'মাগাযী' অধ্যায় 'সিরিয়ায় সংঘটিত মুতার যুদ্ধ' অনুচ্ছেদ)

রসূলুল্লাহ (সাঃ) এর উক্ত ভাষণে সেনাপতিগণ অনুধাবন করেছিলেন যে, আমাদের মৃত্যু অবশ্যম্ভাবী। কারণ রাসূল (সাঃ) এর কথা চির সত্য।

উপরোক্ত হাদীস দ্বারা বুঝা যায় যে, অবশ্যম্ভাবী মৃত্যুকে আলিঙ্গন করে হলেও আল্লাহর দ্বীনকে সমুন্নত করার জন্য সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়া যায়। তবে সবকিছু নির্ভর করে ব্যক্তির নিয়তের উপরে।

(আত-তাহরীক ৪৭ পৃঃ, জুলাই ২০০৩ এর সংখ্যা, প্রশ্ন নং ২/৩৪৭)

ফিদায়ী হামলা

فِدَاء 'ফিদা' এর শাব্দিক অর্থ, উৎসর্গ করা।

فِدَائِيّ 'ফিদায়ী' এর অর্থ, আত্মোৎসর্গকারী।

ফিদায়ী হামলা (আত্মোৎসর্গকারী হামলা), এটি জিহাদের এমন একটি অধ্যায়, কুরআন ও হাদীসে যার প্রমাণ এতো মযবুত যে, ইহুদী, খ্রীষ্টান ব্যতীত কোন মুসলিমই এটাকে অস্বীকার করতে পারে না।

ফিদায়ী হামলার সংজ্ঞাঃ (ক) আল্লাহর দ্বীনকে সমুন্নত করার জন্য মৃত্যুকে অব্যশম্ভাবী জেনেও সশস্ত্র জিহাদে হামলা চালানো।

(খ) আল্লাহর দ্বীনকে সমুন্নত করার জন্য সশস্ত্র জিহাদে এমন হামলা চালানো যেখানে তার নিশ্চিত মৃত্যু হয়।

প্রমাণ সমূহঃ (১)

إِنَّ اللَّهَ اشْتَرَىٰ مِنَ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَالَهُم بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ

আল্লাহ জান্নাতের বিনিময়ে মু'মিনদের থেকে জান ও মাল ক্রয় করে নিয়েছেন। তারা আল্লাহর পথে যুদ্ধ করে অতঃপর তারা মারে ও মরে।

(সূরা তাওবাঃ ১১১ নং আয়াত)

অত্র আয়াতটি ফিদায়ী হামলার একটি বড় দলীল। কেননা এই আয়াতে স্পষ্টভাবে বলা হয়েছে যে, মু'মিনগণ যুদ্ধের ময়দানে আল্লাহর দুশমনদের মারবে এবং নিশ্চিতভাবে নিজেরাও শহীদ হয়ে জান্নাতে যাবে।

❁ وَمَن يُقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ فَيُقْتَلْ أَوْ يَغْلِبْ فَسَوْفَ نُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا

আর যে আল্লাহর পথে যুদ্ধ করে অতঃপর মৃত্যুবরণ করে অথবা বিজয় অর্জন করে আমি তাকে মহা প্রতিদান দেব। (সূরা নিসাঃ ৭৪ নং আয়াত)

অর্থাৎ যারা জিহাদে যোগদান করে মারা যাবে অথবা বিজয়ী হবে তাকে আল্লাহ মহা পুরস্কার দিবেন। যেহেতু ফিদায়ী হামলা জিহাদেরই একটি অংশ এজন্যই তিনি জান্নাতে যাবেন।

وَلَئِن قُتِلْتُمْ فِي سَبِيلِ اللَّهِ أَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللَّهِ وَرَحْمَةٌ خَيْرٌ مِّمَّا يَجْمَعُونَ

আর তোমরা যদি আল্লাহর পথে নিহত হও কিংবা মরে যাও, তবে তারা যা কিছু জমা করে থাকে আল্লাহ তায়ালার ক্ষমা ও দয়া সে সব কিছুর চেয়ে উত্তম। (সূরা আল ইমরানঃ ১৫৭ নং আয়াত)

আল্লাহর দ্বীনকে সুমন্নত করার জন্য যারা নিহত হবে। আল্লাহ তাদের পাপরাশিকে ক্ষমা করে দিবেন।

ইয়াহুদী, খ্রীষ্টান ও তাদের দোসরগণ ফিদায়ী হামলাকে আত্মহত্যার সাথে তুলনা করে এটিকে বন্ধ করে দিতে চায়। কারণ তারা হামলার এই পদ্ধতিকে চরমভাবে ভয় পায়। তারা প্রচার করে থাকে "আত্মঘাতী হামলা"।

এখানে দুটিশব্দ আছেঃ (১) আত্মঘাতী (২) হামলা।

আত্মঘাতীর সাথে হামলার যোগ হওয়ার দরুন প্রমাণ হয় যে, সে ব্যক্তি জিহাদের ময়দানে আছে। কেননা যুদ্ধেই হামলা হয়ে থাকে।

উপরোল্লিখিত আয়াতসমূহে আল্লাহ তায়ালা বলেছেন, যারা আল্লাহর রাস্তায় যুদ্ধে হামলা করতে গিয়ে নিহত হবে, তাদের তিনি মহা প্রতিদান দিবেন। তাদের সকল পাপরাশি ক্ষমা করবেন।

তর্কের খাতিরে একমিনিটের জন্য যদি ধরেও নেয়া হয় এটি আত্মহত্যা, তবুও ৭নং হাদিস ও উপরের আয়াতের ভিত্তিতে এ কথা স্পষ্টভাবে প্রমাণ হচ্ছে যে, আত্মঘাতী হামলাকারীকে আল্লাহ তার সকল পাপ ক্ষমা করে জাহান্নামের শাস্তি না দিয়ে প্রথমেই জান্নাতে প্রবেশ করাবেন।

وَالَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ فَلَن يُضِلَّ أَعْمَالَهُمْ ﴿٤﴾
سَيَهْدِيهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ ﴿٥﴾ وَيُدْخِلُهُمُ الْجَنَّةَ عَرَّفَهَا لَهُمْ ﴿٦﴾

অর্থঃ (৪) যারা আল্লাহর পথে নিহত হয় আল্লাহ কখনই তাদের আমল বিনষ্ট করবেন না। (৫) তিনি তাদেরকে সঠিক পথ প্রদর্শন করবেন এবং তাদের অবস্থা ভাল করবেন। (৬) অতঃপর তিনি তাদেরকে জান্নাতে প্রবেশ করাবেন, যা তাদেরকে জানিয়ে দিয়েছেন।

(সূরা মুহাম্মাদঃ ৪-৬ নং আয়াত)

❁ وَالَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ فَلَن يُضِلَّ أَعْمَالَهُمْ

আলোচ্য আয়াতে বলা হয়েছে যে, যারা আল্লাহর পথে শহীদ হয় তাদের কর্ম বিনষ্ট হয় না; অর্থাৎ তারা কিছু গুণাহ করলেও সেই গুণাহের

কারণে তাদের সৎকর্ম হ্রাস পায় না। বরং অনেক সময় তাদের সৎকর্ম তাদের গুণাহের কাফ্ফারা হয়ে যায়।

❁ سَيَهْدِيهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ

এতে শহীদের জন্য দু'টি নেয়ামতের কথা বর্ণিত হয়েছে। (১) আল্লাহ তাকে হেদায়েত করবেন, (২) তার সমস্ত অবস্থা ভাল করে দিবেন। অবস্থা বলে দুনিয়া ও আখেরাতের উভয় জাহানের অবস্থা বোঝানো হয়েছে। দুনিয়াতে এই যে, যে ব্যক্তি জিহাদে যোগদান করে, সে শহীদ না হলেও শহীদের সওয়াবের অধিকারী হবে। আখেরাতে এই যে, সে কবরের আযাব থেকে এবং হাশরের পেরেশানী থেকে মুক্তি পাবে। কিছু লোকের হক তার জিম্মায় থেকে গেলে আল্লাহ তায়ালা হকদারকে তার প্রতি রাজি করিয়ে তাকে মুক্ত করে দিবেন। (মাযহারী) শহীদ হওয়ার পর হেদায়েত করার অর্থ এই যে, তাদেরকে 'মনযিলে-মকসূদ' অর্থাৎ জান্নাতে পৌঁছিয়ে দেবেন;

